দামুড়হুদা উপজেলায় ক্ষুদ্র নৃগোষ্ঠীদের মাঝে বিভিন্ন উপকরণ বিতরণ

প্রধানমন্ত্রীর কার্যালয় হতে বাস্তবায়নাধীন “বিশেষ এলাকার জন্য উন্নয়ন সহায়তা (পার্বত্য চট্রগাম ব্যতীত)” শীর্ষক কর্মসূচির আওতায় দামুড়হুদা উপজেলায় ক্ষুদ্র নৃ-গোষ্ঠীদের মাঝে শিক্ষা বৃত্তি, শিক্ষা উপকরণ, বাইসাইকেল বিতরণ ও গৃহনির্মাণ কাজের ভিত্তি প্রস্তর স্থাপন অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।
গতকাল বৃহস্পতিবার বিকাল ৩টার দিকে দামুড়হুদা উপজেলা পরিষদ সভাকক্ষে এ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার দিলারা রহমানের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক মো: নজরুল ইসলাম সরকার, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা পরিষদের চেয়ারম্যান আলি মুনছুর বাবু, সমবায় কর্মকর্তা হারুন অর রশিদ, একাডেমিকসুপার ভাইজার রাফিজুল ইসলাম, উপজেলা পাট উন্নয়ন কর্মকর্তা রিয়াজুল ইসলাম। অনুষ্ঠানে ২৫জনকে শিক্ষা উপকরণ, ১৩জনকে শিক্ষা বৃত্তির নগদ অর্থ প্রদান, ১০জন ছাত্রীকে বাইসাইকেল প্রদান, ৫টি পরিবারকে ঘর প্রদানের জন্য ভিত্তিপ্রস্তর স্থাপনের উদ্বোধন করা হয়।

দামুড়হুদার কাদিপুরে সাহাবুদ্দীন হাসুয়ার কোপে রক্তাত জখম: থানায় অভিযোগ

দামুড়হুদা উপজেলার গোবিন্দপুর গ্রামের আব্দুল্লার হাসুয়ার কোপে কাদিপুর গ্রামের সহাবুউদ্দীন রক্তাত জখম হওয়ার ঘটনায় দামুড়হুদা মডেল থানায় অভিযোগ হয়েছে।
অভিযোগ সূত্রে জানা যায় দামুড়হুদা উপজেলার হাউলী ইউনিয়নের কাদিপুর গ্রামের মৃত ফেলু মালিতার ছেলে সাহাবদ্দীন বেনাগাড়ি মাঠে

প্লাস্টিকের পাইপের মাধ্যমে ধান ক্ষেতে পানি নিচ্ছেলো।
এ সময় গোবিন্দপুর গ্রামের দুলুর ছেলে আব্দুল্লার জমির উপর দিয়ে পাইপ যাওয়ায় রাগান্বিত হয়ে সাহাবুদ্দীনকে গালিগালাজ করতে থাকেন। পরে সাহাবুদ্দীন গালিগালাজ করতে নিষেধ করলে আব্দুল্লা দেশীয় অস্ত্র হাসুয়া দিয়ে সাহাবুদ্দীনের মাথায় কোপ মারলে রক্তাত জখম হয়ে মাটিতে লুটিয়ে পড়ে। তার ডাক চিৎকারে মাঠের লোকজন তাকে উদ্ধার করে দামুড়হুদা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করেন। কর্তব্যরত চিকিৎসক বলেন তার মাথায় মারাত্মক আঘাত হয়েছে, সেলাই দিয়ে হাসপাতালে ভর্তি রাখেন। পরে দামুড়হুদা মডেল থানায় আহত সাহাবুদ্দীনের ছেলে ঠান্ডু বাদী হয়ে থানায় একটি অভিযোগ দায়ের করেন। এদিকে আহতের অবস্থা খারাপ হলে দামুড়হুদা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের কর্তব্যরত চিকিৎসক চুয়াডাঙ্গা সদর হাসপাতালে রেফার্ড করেন বলে আহতের পরিবারের পক্ষ থেকে জানা গেছে।
দামুড়হুদা মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা আব্দুল খালেক জানান সাহাবুদ্দীন নামের এক জনকে কোপ মেরে আহতের ঘটনায় তার ছেলে ঠান্ডু বাদী হয়ে আব্দুল্লার নামে অভিযোগ দায়ের করেছেন।

নাটুদাহ মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষক মতিউরের বাড়িতে স্ত্রীর দাবী নিয়ে ১ সন্তানের জননীর অবস্থান

চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলার নাটুদাহ মাধ্যমিক বিদ্যালয়ের বিএসসি শিক্ষক, কার্পাসডাঙ্গা ইউনিয়নের হরিরামপুর গ্রামের মাঝপাড়ার আকের মন্ডলের ছেলে মতিউর এর বাড়িতে মেহেরপুর থেকে ১ সন্তানের জননী তার স্ত্রীর দাবী নিয়ে গতকাল বুধবার বিকাল ৪ টার দিকে তার বাড়িতে অবস্থান নেই। পরে মেয়েটিকে শারিরীক নির্যাতন করে বাড়ি থেকে বিতাড়িত করে মতিউরসহ তার পরিবারের লোকজন।
গ্রামের বেশ কয়েকজন নাম না প্রকাশ করার শর্তে জানান মেয়েটি দাবী করে ২০০৮ সালে তাকে মতিউর বিয়ে করে। তার একটি সন্তানও রয়েছে।

মতিউরের সংসারে স্ত্রী ও তার পক্ষের দুটি সন্তান রয়েছে। ঘটনার পর থেকেই শিক্ষক মতিউর আত্মগোপনে রয়েছে। এ বিষয়ে জানতে মতিউরের সাথে কথা বলার চেষ্টা করা হলেও তা সম্ভব হয়নি। এ বিষয়ে স্থানীয় ইউপি সদস্যর সাথে কথা বললে তিনি ঘটনার সত্যতা স্বীকার করে বলেন মেহেরপুর থেকে একটা মেয়ে এসেছিলো তার স্ত্রীর দাবী করে। এ বিষয়ে জানতে নাটুদাহ মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকের সাথে কথা বললে তিনি এ বিষয়ে কিছু জানেন না বলে জানান। তবে তিনি জানান মতিউর মাস্টারের মোবাইল তার চাচারা নিয়ে নিয়েছে তার সাথে কোন যোগাযোগ করতে পারছেন না তিনি।

দামুড়হুদায় বঙ্গবন্ধু শেখ মুজিব ঢাকা ম্যারাথন অনুষ্ঠিত

দামুড়হুদা উপজেলায় মুজিববর্ষ উৎযাপন উপলক্ষে বঙ্গবন্ধু শেখ মুজিব ঢাকা ম্যারাথন দৌড় অনুষ্ঠিত হয়েছে।
গতকাল বুধবার সকাল সাড়ে ৭টায় দামুড়হুদার হাউলি ইউনিয়ন পরিষদের সামনে (ডুগডুগি) থেকে দামুড়হুদা শেখ রাসেল মিনি স্টেডিয়াম পর্যন্ত প্রায় ৬কিলোমিটার ম্যারাথন দৌড় এর উদ্বোধন করেন দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার দিলারা রহমান।
এ সময় উপস্থিত ছিলেন, উপজেলা কৃষি অফিসার মনিরুজ্জামান, দামুড়হুদা ওদুদ শাহ ডিগ্রি কলেজের প্রিন্সিপাল কামাল উদ্দীন, উপজেলা মাধ্যমিক অফিসার আব্দুল মতিন, প্রাথমিক শিক্ষা অফিসার সাকি ছালাম, একাডেমিক সুপার ভাইজার রাফিজুল ইসলাম, উপজেলা ক্রীড়া সংস্থার সাধারণ সম্পাদক এম নুরুন্নবী, হাউলি ইউপি চেয়ারম্যান (ভারপ্রাপ্ত) নিজাম উদ্দীনসহ উপজেলার বিভিন্ন বিভাগের কর্মকর্তাবৃন্দ।
এই প্রতিযোগীতায় প্রায় ৫০জন অংশ নেয়। প্রতিযোগীতা
শেষে বিজয়ীদের হাতে পুরস্কার তুলে দেন উপজেলা নির্বাহী অফিসার দিলারা রহমানসহ অতিথিবৃন্দ।
অনুষ্ঠান পরিচালনা করেন সমবায় অফিসার হারুন অর
রশিদ।

দামুড়হুদায় ইয়াবাসহ গোপন আটক

দামুড়হুদা মডেল থানা পুলিশের মাদক বিরোধী সফল অভিযানে ১৫ পিচ ইয়াবা সহ গোপন আটক হয়েছে।
জানা গেছে, গত মঙ্গলবার রাত সাড়ে ১০ টার দিকে গোপন সংবাদের ভিত্তিতে এসআই তৌহিদুর রহমান শেখসহ সঙ্গীয় পুলিশ ফোর্স দামুড়হুদা খাঁপাড়ার হাশেম খাঁ’র ছেলে মাদকব্যবসায়ী আকিফুজ্জামান ওরফে গোপন (৩৫) কে তার বসত বাড়ির শয়ন কক্ষ থেকে ১৫পিচ ইয়াবা ট্যাবলেটসহ আটক করা হয়।
এ বিষয়ে দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ আঃ খালেক ঘটনার সত্যতা নিশ্চিত করে বলেন -আটককৃত আসামির বিরুদ্ধে মাদকদ্রব্য আইনে একটি মামলা করা হয়েছে। আসামির বিরুদ্ধে একাধিক মাদক মামলা রয়েছে।

দামুড়হুদায় আলুর বাম্পার ফলন, দাম না থাকায় কৃষকেরা শঙ্কিত

দামুড়হুদায় আলুর লক্ষমাত্রা অর্জন হলেও আশানুরূপ দাম না পাওয়ায় কৃষকরা শঙ্কিত। চলতি মৌসুমে খাদ্যে উদ্বৃত্ত দামুড়হুদা উপজেলাতে আলুর বাম্পার ফলন হয়েছে। উপজেলাতে আবহাওয়ার বৈরী আচরণ ও রোগ-বালাইয়ের আক্রমণ না হওয়ায় ফলন ভালো হয়েছে বলে জানা গেছে।
এ বছরে আলুর ফলন ভালো হলেও কৃষকের মুখে হাসি নেই। বাজারে আলুর দাম না থাকায় কৃষক সমাজ শঙ্কিত। চড়াদামে বীজ, সার কিনে আলু লাগিয়ে কৃষকের খরচের টাকা তুলতেও খাচ্ছেন হিমসিম।
গত বছর ফলন ভালো না হওয়ায় বছর জুড়ে আলুর দাম ছিল বেশ চড়া। তবে অধিক লাভের আশায় দামুড়হুদা উপজেলার কৃষকরা ব্যাপকভাবে আলু চাষে ঝুঁকে পড়েন। উপজেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তর সূত্রে যায়, এ উপজেলাতে গত বছরে ৩৯০ হেক্টর জমিতে আলু চাষ করা হয়। সে তুলনায়

এবার লক্ষমাত্রা ধরা হয় ৩৯০ হেক্টর, চলতি মৌসুমে লক্ষমাত্রা ছাড়িয়ে অর্জন করা হয় ৪৭৯ হেক্টর জমির আলু। উপজেলাতে এবার ৫ জাতের আলু চাষ করেছেন বলে জানিয়েছেন কৃষকরা। এবারে আলু উৎপাদন মৌসুমে আলুর তেমন কোনো রোগ-বালাই লক্ষ্য করা যাননি, গাছও হয়েছে চমৎকার, বিঘা প্রতি জমিতে আলু উৎপাদন হয়েছে ৯০-১২০ মন । উপজেলা সদরের কৃষক ফকির জানান, আমি প্রায় ৩ বিঘা জমিতে আলু লাগিয়ে ছিলাম, ফলনো ভালো হয়েছে। তবে আলুর বাজার মূল্য খুব কম। প্রতি মণ আলু পাইকারি বিক্রয় হচ্ছে ৩০০-৪০০ টাকা। খুচরা কেজি বিক্রয় করা হচ্ছে ১০-১৫ টাকা দরে।
অপর আর এক কৃষক জানান, সার ও বীজসহ অন্যান্য খরচ বাবদ প্রতিবিঘা জমিতে আলু লাগাতে খরচ হয়েছে ২০-২৫ হাজার টাকার মতো।
উপজেলা কৃষক সংগঠনের সভাপতি সামসুল ইসলাম দৈনিক মেহেরপুর প্রতিদিনকে বলেন- এবার দামুড়হুদা উপজেলার কৃষকরা অধিক মুনাফা অর্জনের লক্ষে কষ্ট করে আলু চাষ করেছেন, তবে সে তুলনায় আলুর বাজারে দাম অনেক নিন্ম হওয়াতে কৃষকরা হতাশায় রযেছেন। কৃষক এবারের আলু চাষে ক্ষতিতে থাকবেন।
উপজেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের কৃষিবিদ মনিরুজ্জামান বলেন চলতি মৌসুমে আবহাওয়া অনুকূলে থাকায় আলুতে তেমন কোনো রোগ বালাই হয়নি। ফলে আলুর বাম্পার ফলন হয়েছে, তবে বাজারে আলুর দাম পড়ে যাওয়ায় কৃষকরা আলুতে এবার বেশি লাভবান হবেন না। দাম কম হলেও ফলন বেশি হওয়াতে পুষিয়ে যাবে। তবে হিমাগার গুলিতে নির্দেশনা মেনে ঠিক সময়ে পুষ্ট আলু মজুদ করতে পারলে আগামীতে আলুর দাম পাওয়ার সম্ভাবনা রয়েছে। এবারে আলুর যা ফলন হয়েছে, তাতে অতীতের সমস্ত রেকর্ড ছাড়িয়ে গিয়েছে।

কার্পাসডাঙ্গা ইউনিয়ন পরিষদে চাউল ও ভিজিডির কার্ড বিতরণ

“শেখ হাসিনার বাংলাদেশ ক্ষুদা হবে নিরুদ্দেশ” এ স্লোগান কে সামনে রেখে
চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলার ৩নং কার্পাসডাঙ্গা ইউনিয়ন পরিষদে ২০২১-২০২২ ভিজিডি চক্রের উপকারভোগীর মধ্যে গতকাল

মঙ্গলবার সকাল ১০ টার সময় ৩০ কেজি (সরকারী সরবরাহকৃত বস্তায়) খাদ্য শষ্য হিসেবে চাউল ও ভিজিডির কার্ড বিতরণের উদ্বোধন করেন কার্পাসডাঙ্গা ইউনিয়নের চেয়ারম্যান মোঃ খলিলুর রহমান।
এ সময় উপস্থিত ছিলেন সকল ওয়ার্ডের ইউপি সদস্যবৃন্দ, ইউপি সচিব মোঃ মহিউদ্দীন, ইউপি হিসাব সহকারী কাঃ তপন কুমার, গ্রাম পুলিশসহ উপকারভোগীরা।

দামুড়হুদার আলোচিত সেই কুতুব কাজী কাবিননামা প্রতারণা মামলায় জেল হাজতে

দামুড়হুদার আলোচিত সেই কুতুব কাজিকে কাবিননামা প্রতারণার মামলায় অবশেষে জেল হাজতে পাঠিয়েছে আদালত। জানা যায়, মামলার বাদির অভিযোগের প্রেক্ষিতে কাবিননামা প্রতারণার অভিযোগে দামুড়হুদার কুতুব হাজী ও বাদির স্ত্রী সাবিনা খাতুনকে জেল হাজতে প্রেরণের আদেশ দেন আদালতের বিচারক মানিক দাশ।

বাদির অভিযোগের প্রেক্ষিতে জানা যায়, গত দু বছর আগে দামুড়হুদা মাদ্রাসা পাড়ার আ: আজিজের ছেলের সাথে বিয়ে হয় একই উপজেলার উজীরপুর গ্রামের আ: মজিদের মেয়ে সবিনার সাথে। এরই মধ্যে তাদের মাঝে সাংসারিক বিভিন্ন কারণে মনোমালিন্যর সৃষ্টি হয়। তার কিছুদিন পর তাদের বিবাহ বিচ্ছেদ হয়।
বিবাহ বিচ্ছেদের পর বাদির স্ত্রী সাবিনা খাতুন বাদির বিরুদ্ধে একটি মামলা দায়ের করে। ওই মামলার প্রেক্ষিতে বাদি সাবিনা খাতুনকে ১নং আসামিসহ ৫জনের নামে আদালতে মামলা দায়ের করে। ঐ মামলায় গতকাল সোমবার কাবিনমানা প্রতারণার অভিযোগে ১নং আসামি সাবিনা খাতুন ও কুতুব কাজিকে জেল হাজতে পাঠানোর নির্দেশ দেন আদালতের বিচারক। ঐ মামলার বাকি তিনজন আসামি জামিনে আছে।

দামুড়হুদায় ৪০০ বস্তা ক্ষুদ চোর ট্রাকচালক আটক

দামুড়হুদা জয়রামপুরের ট্রাকচালক সাগর চালের ক্ষুদ চুরি করে পুলিশের হাতে আটক হয়েছেন।

জানা গেছে, দামুড়হুদা উপজেলার জয়রামপুরের তারিনিপুর গ্রামের মইদুলের ছেলে ট্রাকচালক সাগর(২২) গত ১২ ফেব্রুয়ারি নাটোর গুরুদাসপুর চাল ব্যবসায়ীর নিকট থেকে ৪০০ বস্তা ক্ষুদ কুষ্টিয়া চাল ব্যবসায়ীর নিকট নিয়ে আসার জন্য রওনা হয়। চতুর ট্রাকচালক সাগর চালের ক্ষুদ গুলো কুষ্টিয়া চাল ব্যবসায়ীর নিকট না নামি পূর্বপরিকল্পনা অনুযায়ী ক্ষুদ গুলো জয়রামপুর নওদাপাড়ার আ: সালাম টুনর ছেলে টিটুর নিকট ৭ লক্ষ টাকার ক্ষুদ ২ লক্ষ ৯০ হাজার টাকা বিনিময়ে বিক্রি করেন।

এ বিষয়ে নাটোরের চাল ব্যবসায়ী ট্রাকচালক সাগরের নাম উল্লেখ করে নাটোর গুরুদাসপুর থানায় একটি মামলা দায়ের করেন। নাটোর গুরুদাসপুর থানা পুলিশ চুয়াডাঙ্গা জেলা পুলিশ সুপারের নিকট বিষয়টি জানান।

পরে পুলিশ সুপারের নির্দেশে চুয়াডাঙ্গা সদর থানা ও দামুড়হুদা মডেল থানা পুলিশের সার্বিক সহযোগিতায় ট্রাক চালক সাগরের পরিচয় সনাক্ত করে গতকাল রাত ৭ টার দিকে সাগরকে আটক করা হয়।

সাগরের তথ্য অনুযায়ী তার বাড়িতে গিয়ে ক্ষুদ বিক্রয় করার অবৈধ টাকা কোথায় জানতে চাললে সাগর তার বাড়ির ঘরের ড্রয়ারে থেকে ৫০ হাজার টাকা উদ্ধার করেন। সাগর পুলিশ হেফাজতে আছেন বলে জানা গেছে।

গুরুদাসপুর থানা সূত্রে জানা গেছে, নাটোর গুরুদাসপুরের চাল ব্যবসায়ী নিকট থেকে ট্রাকচালক সাগর কুষ্টিয়ার চাল ব্যবসায়ী কাছে ক্ষুদ নিয়ে আসেন গত ১২ তারিখ।

ট্রাকচালক সাগর ক্ষুদের গাড়ী গন্তব্য স্থান কুষ্টিয়া চাল ব্যবসাীর নিকট না নামিয়ে নিজ গ্রাম চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা

উপজেলার জয়রামপুর গ্রামে নিয়ে বিক্রয় করে দেন। এ বিষয়ে চাল ব্যবসায়ী গুরুদাসপুর থানায় একটি মামলা করেন। মামলার পরিপেক্ষিতে চুয়াডাঙ্গা জেলা পুলিশের সহযোগিতায় ট্রাকচালক সাগরকে আটক করা হয়।

এ বিষয়ে দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ আঃ খালেক ঘটনার সত্যতা নিশ্চিত করেন।

করোনা প্রতিরোধে অবদান রাখায় কুড়ুলগাছি ইউপি চেয়ারম্যান ইনুকে স্বর্ণপদক প্রদান

সফলভাবে করোনা প্রতিরোধে অবদান রাখার জন্য বাংলাদেশ ইউনিয়ন পরিষদ ফোরাম দামুড়হুদা উপজেলার কুড়ুলগাছি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান শাহ মোহাম্মদ এনামুল করিম ইনুকে যোগ্য সমাজ সেবক হিসেবে সম্মাননা স্মারক ও স্বর্ণপদক প্রদান করেছে।

স্বর্ণপদক লাভে সহযোগিতা করায় কুড়ুলগাছি ইউনিয়নবাসীসহ সকল ইউপি সদস্য এবং অত্র ইউনিয়নের সকল নেতা-কর্মীকে আন্তরিক কৃতজ্ঞতা, শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়েছেন তিনি।